

ওই রে তরী দিল খুলে ।

তোর বোঝা কে নেবে তুলে ?।

সামনে যখন যাবি ওরে থাক্-না পিছন পিছে পড়ে—

পিঠে তারে বইতে গেলি, একলা পড়ে রইলি কুলে ॥

ঘরের বোঝা টেনে টেনে পারের ঘাটে রাখলি এনে—

তাই যে তোরে বারে বারে ফিরতে হল, গেলি ডুলে ।

ডাক্ রে আবার মাঝিরে ডাক, বোঝা তোমার যাক ভেসে যাক—

জীবনখানি উজাড় করে সঁপে দে তার চরণমূলে ॥

Parjaay: Puja / Porishodh, Taal: Rupakra, Raag: Bhairavi

Visit www.geetabitan.com for notation and other detail